

ঢাকা ৩ মে ২০১৯

চতুর্থ শিল্প বিপ্লব মোকাবেলায় আমাদের প্রস্তুত থাকতে হবে

শিক্ষামন্ত্রী ডা.দীপু মনি

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি শিক্ষার্থীদের কমিউনিকেশন স্কিল ডেভেলপমেন্টের পাশাপাশি ক্রিটিকাল রিজনিং ও এনালোটিক্যাল এবিলিটি বৃদ্ধির প্রতি গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন আমাদের ছেলেরা সঠিকভাবে কমিউনিকেট করতে পারে না। অনেক সময় বাংলায় ও তারা ভালভাবে কথা বলতে পারে না। ফলে তাদের চাকরি পেতে সমস্যা হয়। তিনি আজ সকালে রাজধানীর রামপুরায় ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির কম্পিউটার এন্ড ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টে এবং জাপান বাংলাদেশ রোবটিকস এন্ড এডভান্স রিসার্চ সেন্টারের আয়োজনে এডভান্স ইন সাইন্স, ইঞ্জিনিয়ারিং এন্ড রোবটিকস টেকনোলজি শীর্ষক এক আন্তর্জাতিক কনফারেন্সের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন।

মন্ত্রী বিশ্ববিদ্যালয়সমূহের সাথে নিয়োগকর্তাদের সমন্বয়ের প্রতি ও গুরুত্বারোপ করেন। তিনি বলেন এর ফলে বিশ্ববিদ্যালয় সমূহ নিয়োগকর্তাদের চাহিদা অনুযায়ী গ্রাজুয়েট তৈরি করতে সামর্থ্য হবে। তিনি আর ও বলেন ৪র্থ শিল্প বিপ্লবের এ যুগে মানুষের জায়গা দখল করবে রোবট। চাকরি হারাতে শ্রমিক। আমাদেরকে সে চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুত হতে হবে। ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর এম এম শহিদুল হাসানের সভাপতিত্বে এ সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির চীফ এডভাইজার ড. মোঃ ফরাস উদ্দীন, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান সাইয়েদ মঞ্জুর এলাহী প্রমুখ।

মঞ্জুর এলাহী বলেন আমাদের দেশ থেকে প্রতি বছর প্রায় ৫ মিলিয়ন ডলার রেমিটেন্স হিসেবে বাহিরে চলে যাচ্ছে অথচ বাংলাদেশে এখন ও ৪৫ শতাংশ গ্রাজুয়েট বেকার। তার মানে হল শ্রম বাজারের চাহিদা অনুযায়ী আমরা গ্রাজুয়েট তৈরি করতে পারছি না। শ্রম বাজারের চাহিদা অনুযায়ী শিক্ষা কারিকুলাম তৈরি করার প্রতি তিনি গুরুত্ব প্রদান করেন। ফরাস উদ্দীন বলেন আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের ফলে কোটি কোটি মানুষ চাকরি হারাতে তবে এটা ঘটতে অনেক সময় লাগবে। এই সময়ের মধ্যে আমাদের প্রস্তুতি নিতে হবে।

মোহাম্মদ আবুল খায়ের
তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়
মোবাইল নাম্বার ০১৭১৬০৬৬৮৮৮